# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫৬৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: مَا أَغْبِطُ أَحَدًا بِهَوْنِ مَوْتٍ بَعْدَ الَّذِي رَأَيْتُ مِنْ شِدَّةِ مَوْتِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ التِّرْمِذِيّ وَالنَّسَائِيّ

### বাংলা

১৫৬৩-[৪১] ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যু কষ্ট দেখেছি। তাই এরপর আর সহজভাবে মৃত্যু হতে দেখলে ঈর্ষা করি না। (তিরমিযী, নাসায়ী)[1]

### ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ৯৭৯, শামায়িল ৩২৫, নাসায়ী ১৮৩০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (بَعْدَ الَّذِي رَأَيْتُ مِنْ شِدَّةِ مَوْتِ رَسُوْلِ اللّهِ ﷺ) অর্থাৎ আমি যখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মৃত্যুর কঠিনতা প্রত্যক্ষ করলাম বুঝতে পারলাম, মৃত্যুর কঠিনতা মৃত ব্যক্তির ওপর খারাপ পরিণতির ভয়াবহতা প্রমাণ বহন করে না এবং মৃত্যুর সহজতা বুযুর্গের ওপর প্রমাণ বহন করে না। কেননা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবচেয়ে বড় বুযুর্গ ব্যক্তি মানুষের মধ্যে অথচ তাঁর মৃত্যু সহজভাবে ছিল না।

সুতরাং আমি আর কারও কঠিন মৃত্যুকে ঘৃণা করি না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন